



# গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা

অস্ট্রেলিয়াতে গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা গ্রহণযোগ্য নয়।

গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা আইন বিরুদ্ধ অপরাধ।

নারী-পুরুষ নির্বিশেষে এই অপরাধকারী ব্যক্তি কারাগারে যেতে পারেন।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাপন্ন হলে **০০০** নম্বরে পুলিশকে কল করুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও তথ্যের জন্য **1800 737 732** নম্বরে 1800RESPECT-এ ফোন করুন।

আপনার বিনামূল্যে দোভাষী প্রয়োজন হলে **131 450** নম্বরে ফোন করুন।

অস্ট্রেলীয় সরকার কোন অবস্থাতেই গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা সহ্য করে না।

সঙ্গীকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে তাকে ভয় দেখানো বা নিরাপত্তার হুমকি দেয়া গৃহস্থালি ও পারিবারিক সহিংসতার মধ্যে পড়ে। গৃহস্থালি ও পারিবারিক সহিংসতার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- আঘাত করা;
- শ্বাসরুদ্ধ করা;
- পরিবার বা সঙ্গীকে প্রয়োজনীয় টাকা-পয়সা দিতে অস্বীকার করা;
- সঙ্গীকে বন্ধু-বান্ধব ও পরিবার থেকে আলাদা করে রাখা;
- সঙ্গীকে অপমান করা বা ক্রমাগত সমালোচনা করা;
- সঙ্গীকে যৌন সঙ্গমে বাধ্য করা
- শিশু বা পোষা প্রাণীদেরকে হুমকি দেয়া।

নারীর আছে পুরুষদের সমান অধিকার।

অস্ট্রেলিয়াতে আইন নারী ও পুরুষকে সমান অধিকার প্রদান করে।

প্রত্যেকেরই তাদের পরিবার, বন্ধুবান্ধব এবং প্রিয়জনদের সাথে ইতিবাচক নিরাপদ সম্পর্ক রক্ষার অধিকার আছে। সহিংসতা কখনো গ্রহণযোগ্য নয়। কাউকে খারাপ আচরণ বা ক্ষতি মেনে নিতে হবে না।

সাহায্য করার জন্য অস্ট্রেলিয়াতে সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সেবা আছে।

**1800RESPECT** হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's national sexual assault, family and domestic violence counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

**1800 737 732** নম্বরে ফোন করুন বা **1800RESPECT** এর ওয়েবসাইট **www.1800RESPECT.org.au**-এ যান।

## আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

**131 450** নম্বরে **অনুবাদ এবং দোভাষী সেবায়** (টিআইএস) (**Translating and Interpreting Service, TIS**) ফোন করুন। TIS-এর একজন দোভাষী আপনাকে অন্যান্য সেবার সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে, তবে TIS কোনো পরামর্শ প্রদান করে না। সমস্ত ফোন কল বিনামূল্যে করা যায় এবং সেগুলো গোপনীয় রাখা হয়।